

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫০৯

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মানুষকে খাদ্য খাওয়ায়, নিয়মিত রাতের সালাত আদায় করে এবং সালামের প্রচলন ঘটায়, তার জন্য মহান আল্লাহ যে প্রাসাদ প্রস্তুত করে রেখেছেন তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ الْغُرَفِ الَّتِي أَعدَّها اللَّهُ لِمَنْ أَطْعَمَ الطَّعَامَ وَدَامَ عَلَى صَلَاةِ اللَّيْلِ وَأَفْشَى السلام

## আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَنْبَأَنَا مَعْمَرٌ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنِ ابْنِ مُعَانِقٍ: عَنْ أَبِي مَالِكِ الْأَشْعَرِيِّ عَنِ الْبَنِ مُعَانِقٍ: عَنْ أَبِي مَالِكِ الْأَشْعَرِيِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ فِي الْجَنَّةِ غُرُفًا يُرَى ظَاهِرُهَا مِنْ بَاطِنِهَا وَبَاطِنُهَا مِنْ ظَاهِرِهَا أَعَدَّهَا اللَّهُ لِمَنْ أَطْعَمَ الطَّعَامَ وَأَفْشَى السَّلَامَ وَصَلَّى بالليل وَبَاطِنُهَا مِنْ بالليل والناس نيام.)

الراوي: أبو مَالِكِ الْأَشْعَرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 509 | خلاصة حكم المحدث: حسن.

## বাংলা

৫০৯. আবু মালিক আল আশ'আরী রাদ্বিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "নিশ্চয়ই জান্নাতে একটি প্রাসাদ রয়েছে, যার বহিরাংশ ভেতর থেকে দেখা যাবে এবং ভেতরের অংশ বাহির থেকে দেখা যাবে। মহান আল্লাহ এটি প্রস্তুত করে রেখেছেন ঐ ব্যক্তির জন্য যে ব্যক্তি মানুষকে খাদ্য খাওয়ায়, সালামের প্রচলন ঘটায় এবং মানুষ যখন ঘুমিয়ে থাকে তখন সে কিয়ামুল লাইল বা তাহাজ্জুদ সালাত আদায় করে।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: ابْنُ مُعَانِقٍ هَذَا اسْمُهُ عَبْدُ اللَّهِ بْنُ مُعَانِقٍ الأشعري

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "ইবনু মু'আনিক এর নাম হলো আবুল্লাহ বিন মু'আনিক আল



আশ'আরী।"

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৮৮৩; মুসনাদ আহমাদ: ৫/৩৪৩; তাবারানী আল কাবীর: ৩৪৬৬, সুনান বাইহাকী: ৪/৩০০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৯২৭; মাজমা'উয যাওয়াইদ: ২/২৫৪; হাকিম: ১/৩২১।

হাদীসটির সানাদকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মজবুত বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৪৬।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মালিক আল আশ্'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন